# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/নেত্রকোনা-৩৬/১৮ তারিখ: ০৫ মাঘ, ১৪৩২ / ১৯ জানুয়ারি, ২০২৬

বিষয় : অনুমোদিত এডহক কমিটির কার্যকারিতা স্থগিত করণ ও অভিযোগ বিষয়ে তদন্ত পূর্বক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

সূত্র : ১। নং বামাশিবো/প্রশা/২৩১২৫১১২৯৮৮২/১২৫৪৯৯ তারিখ ৩০-১২-২০২৫ খ্রি.;
২। বোর্ডের ই-ফাইলে নং ২৩৩২৬১১২৯৮৮১ আইডির আবেদন;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নেত্রকোণা জেলার খালিয়াজুরী উপজেলাধীন নূরপুর বোয়ালী দাখিল মাদ্রাসার এডহক কমিটি সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদন দেওয়া হয়। উক্ত এডহক কমিটির সভাপতি জনাব মোহাম্মদ আব্দুস সালাম এর বিরুদ্ধে বিভিন্ন অভিযোগের বিষয় উল্লেখ পূর্বক জনাব আলী হামজাদ আকন্দ কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে অভিযোগ দাখিল করা হয়েছে। অভিযোগে উল্লেখ করা হয়েছে নূরপুর বোয়ালী দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: হারুন-অর-রশীদ একজন দুর্নীতিবাজ ও অর্থলোভী ব্যক্তি যিনি বিভিন্ন সময় মাদ্রাসার জলমহাল ও জমি ইজারা দিয়ে এবং মাদ্রাসার আয় থেকে মোট ১৮,০০০,০০/- (আঠারো লক্ষ) টাকা আত্মসাৎ করেছেন। ধারাবাহিক অর্থ আত্মসাৎ করার লক্ষ্যে এলাকার চিহ্নিত দুর্নীতিবাজ, সুদখোর ও প্রকাশ্য মদ্যপানসহ সকল ধরনের নেশায় আসক্ত ব্যক্তি জনাব আ: ছালাম মাস্টার(সহকারী শিক্ষক, প্রাথমিক বিদ্যালয়)কে এডহক কমিটির সভাপতি প্রস্তাব করে বোর্ড থেকে অনুমোদন নেওয়া হয়েছে।

বর্ণিত অবস্থায় সূত্রোক্ত ১নং স্মারকে অনুমোদিত এডহক কমিটির কার্যকারিতা এতদ্বারা স্থগিত করা হলো; এবং অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, খালিয়াজুরী, নেত্রকোনাকে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ( ) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৯.১.২৬


প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd


১৯.০১.২৬

১। উপজেলা নির্বাহী অফিসার, খালিয়াজুরী, নেত্রকোনা;
২। সুপার/ভারপ্রাপ্ত সুপার, নূরপুর বোয়ালী দাখিল মাদ্রাসা,
পো: আটপাড়া, খালিয়াজুরী, নেত্রকোণা।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/নেত্রকোনা-৩৬/১৮ তারিখ: ০৫ মাঘ, ১৪৩২ / ১৯ জানুয়ারি, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নেত্রকোনা;
২. জেলা শিক্ষা অফিসার, নেত্রকোনা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খালিয়াজুরী, নেত্রকোনা;
৪. মোহাম্মদ আব্দুস সালাম, পিতা-লাহত মিয়া, গ্রাম+পোষ্ট: নূরপুর বোয়ালী, খালিয়াজুরী, নেত্রকোনা;
৫. জনাব আলী হামজাদ আকন্দ (অভিযোগকারী), গ্রাম-নূরপুর বোয়ালী, পো: মোহনগঞ্জ, খালিয়াজুরী, নেত্রকোনা;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

১৯/১/২৬


মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd


১৯.০১.২৬